শাহেনশাহ্ আহম্মেদ
কাউন্সিলর - ২০নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

কার্যালয় ঃ
সোনাবিবি রোড, সোনাকান্দা
বন্দর, নারায়ণগঞ্জ।
মোবাঃ ০১৭১৫-৯৩২৮৯৩

Ref :

Date : 29/02/2024 খ্রি.

## সভার নোটিশ

**বিষয়ঃ** ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (**WLCC**)'র সভা প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় সম্মানিত ২০ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে (WLCC)'র সভা আয়োজন করা হয়েছে।উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে আপনার মূল্যবান বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়ঃ-** ১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২।অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবন প্রসঙ্গে

৩।অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

৪। কর আদায়ের অগ্রগতি প্রসঙ্গে।

৫। টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

শাহেনশাহ্ আহম্মেদ
কাউন্সিলর-২০ নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

❖ সবাই মিলে দেব কর নগর হবে স্বনির্ভর।
❖ মাদকমুক্ত সমাজ গড়ে তুলুন।
❖ আপনার শিশুকে স্কুলে পাঠান।
❖ যৌতুক বিরোধী সামাজিক আন্দোলন গড়ে তুলুন।



CamScanner

# ২০নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়

সোনাবিবি রোড, সোনাকান্দা, বন্দর
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## ২০ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্য বিবরনী

সভাপতি : জনাব শাহেনশাহ আহম্মেদ
কাউন্সিলর, ওয়ার্ড নং- ২০
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং : ২০

সভার তারিখ : ০৪/০৩/২০২৪ খ্রিঃ

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকায়

সভার স্থান : ২০ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

### সভার উপস্থিতি তালিকা সংযোজনী "ক"তে সংযুক্ত ঃ

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ২০ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব শাহেনশাহ আহম্মেদ কমিটির সদস্য সচিব জনাব হাবিবুর রহমান ইমনকে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী- ১:** গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব হাবিবুর রহমান ইমন পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

CamScanner

**আলোচ্যসূচী-২:** অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনাঃ

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা। | ২০নং WLCC'র সদস্য-সচিব জনাব হাবিবুর রহমান ইমন অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য উপস্থিত সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগন যে সকল দাবী পেশ করেন তা নিম্নরুপ।<br><br>১।কে এন সেন রোড (সোনাকান্দা হাটের পূর্ব দিক) হতে শীতলক্ষা নদী পর্যন্ত ড্রেন নির্মান।<br>২। সোনাকান্দা হাটের ঘাটলা নদীর তীর নির্মান।<br>৩। মাহমুদনগর কে এন সেন রোড হতে খোরশেদ মিয়ার বাড়ী পর্যন্ত ড্রেন নির্মান।<br>৪। কে এন সেন রোড হতে হাজী বাদশা মিয়া ডকইয়ার্ড পর্যন্ত ড্রেন ও রাস্তা নির্মান।<br>৫। কে এন সেন রোড (সোনাকান্দা হাটের পূর্ব দিক) হতে শীতলক্ষা নদী পর্যন্ত রাস্তা নির্মান।<br>৬। মদনগঞ্জ-মদনপুর ফরাজিকান্দা রোড হতে দড়িসোনাকান্দা মোড় পর্যন্ত রাস্তা মেরামত।<br>৭। মাহমুদনগর কে এন সেন রোড হতে খোরশেদ মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা নির্মান। | উপরোক্ত অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা সভায় সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয় এবং বর্নিত কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নিমিত্ত মেয়র, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | প্রকৌশল বিভাগ, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৩:** অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ২০ নং ওয়ার্ডের WLCC এর সদস্য সচিব জনাব হাবিবুর রহমান ইমন জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চত করন,সেবার মানউন্নয়ন ও সুশাসন প্রতিষ্টার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি,আভ্যন্তরীন সেবা বা নাগরিক | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানউন্নয়নে | WLCC সদস্যগন, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

| | | | |
|---|---|---|---|
| | অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে জনাব , মোহাম্মাদ মঈনুল ইসলাম নগর পরিকল্পনাবিদ কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ জানানোর ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন।জনাব হযরত আলী উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানউন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের অনুরোধ জানান। | প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | . |

**আলোচ্যসূচী-৪:** কর আদায়ের অগ্রগতি প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি নিয়ে আলোচনা। | WLCC'র সদস্য সচিব জনাব হাবিবুর রহমান ইমন সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে মোট ৩৯.৫৪% পৌর কর আদায় হয়েছে। সিটি গর্ভানেন্স প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌর কর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশনসহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌর কর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | ক) পৌর কর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়। (খ) উপস্থিত সবাইকে পৌর কর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

আলোচ্যসূচী-৫: টিসিবি কার্যক্রম প্রসঙ্গে।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| টিসিবি কার্যক্রম প্রসঙ্গে। | টিসিবি কার্যক্রম নিয়ে আলোচনা করেন, মোঃ সামসুল আরেফিন নিঝুম (কমিউনিটি কর্মী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন)। তিনি সভাকে জানান যে, স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে নিম্ন আয়ের মানুষের জন্য ভর্তুকী মূল্যে সরকার নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রয় করছে। এ সব পন্য স্মার্ট কার্ডের মাধ্যমে বিক্রয় করতে হবে। সে জন্য পরিবারের (যেকোনো একজনের) ১১ টি তথ্য সরবরাহ করতে হবে। তিনি দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য দাখিলের অনুরোধ জানান। ২০ নং ওয়ার্ডে সর্বমোট বরাদ্দকৃত উপকারভোগীর সংখ্যা- ৪০৫৪ টি। তন্মধ্যে ২৫৩০ টি পরিবারের পূর্ণাঙ্গ তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট পরিবারের তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে দাখিল করার অনুরোধ জানান। | মার্চ ২০২৪ সালের মধ্যে টিসিবি"র স্মার্ট কার্ডের প্রয়োজনীয় পারিবারিক তথ্যাদি দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০নং ওয়ার্ড এর (WLCC)"র কমিটি। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জনাব শাহেনশাহ আহম্মেদ)

চেয়ারপার্সন, ২০নং WLCC ও

কাউন্সিলর, ২০নং ওয়ার্ড

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

মোবাইল ঃ০১৭১৫৯৩২৮৯৩

CamScanner

# সংযোজনী-ক

## ২০ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা তালিকা।

তারিখঃ

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব শাহেনশাহ আহম্মেদ | সভাপতি | [illegible] |
| ০২ | জনাব শিউলি নওশাদ | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব আহম্মেদ আলী | সদস্য | |
| ০৪ | জনাব মাজেদা বেগম | সদস্য | মাজেদা |
| ০৫ | জনাব এস.এম. শাহীন | সদস্য | Sahin |
| ০৬ | জনাব ফরহাদ হোসেন | সদস্য | Farhad |
| ০৭ | জনাব মোঃ রিপন | সদস্য | Ripon |
| ০৮ | জনাব সালমান বিন সাঈদ | সদস্য | |
| ০৯ | জনাব মোঃ কালু | সদস্য | কালু |
| ১০ | জনাব ফারুক হোসেন | সদস্য | [illegible] |

CamScanner

| ক্র.নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব শহীদুল ইসলাম | সদস্য | |
| ১২ | জনাব ডা. শফীউল্লাহ | সদস্য | |
| ১৩ | হাজী ফারুকুল ইসলাম | সদস্য | |
| ১৪ | হাজী মোঃ মামুন | সদস্য | |
| ১৫ | জনাব হাবিবুর রহমান ইমন | সদস্য সচিব | |

CS CamScanner